BFCC
Biman Flight Catering Centre বিমান ফ্লাইট ক্যাটারিং সেন্টার
HAZRAT SHAHJALAL INT'L AIRPORT, KURMITOLA, DHAKA-1229, BANGLADESH, PHONES: 880-2-8901760-64, 8901729, WEB: www.bfcc-bd.com

সূত্র : ৩০.৩৪.০০০০.০৬৩.২৪.০০২.২০২৫.৮৮৭ তারিখ : ০৭-০৯-২০২৫ খ্রি:

# ইন্টার্ন ভর্তি বিজ্ঞপ্তি

বিমান ফ্লাইট ক্যাটারিং সেন্টারের উৎপাদন শাখায় (কিচেন ও বেকারী ইউনিটে) সম্মানী প্রদান পূর্বক শুধুমাত্র ০৬ মাসের জন্য ইন্টার্ন ভর্তির লক্ষ্যে নিম্নে উল্লিখিত পদসমূহে এবং নিম্নবর্ণিত শর্ত পূরনকারী উপযুক্ত প্রার্থীদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

| ক্র: নং | পদের নাম | যোগ্যতা |
|---|---|---|
| ১. | কিচেন হেলপার পদে ইন্টার্ন<br>বয়স: সর্বোচ্চ-৩২ বৎসর। | ক) কমপক্ষে এস.এস.সি পাশ।<br>খ) City & Guilds, UK/NHTTI অথবা সরকার অনুমোদিত সংস্থা হতে ফুড এন্ড বেভারেজ-এ কুকিং কোর্স সার্টিফিকেট থাকতে হবে (কমপক্ষে ০৬ মাস মেয়াদী)।<br>গ) যে কোন ফাইভ ষ্টার হোটেল, বিএফসিসি বা সমমানের ক্যাটারিং প্রতিষ্ঠানে ফুড এন্ড বেভারেজ এর উপর ন্যূনতম ০৬ (ছয়) সপ্তাহের ইন্ডাষ্ট্রিয়াল এ্যাটাচমেন্ট সম্পন্ন থাকতে হবে। |
| ২. | বেকার হেলপার পদে ইন্টার্ন<br>বয়স: সর্বোচ্চ-৩২ বৎসর। | ক) কমপক্ষে এস.এস.সি পাশ।<br>খ) City & Guilds, UK/NHTTI অথবা সরকার অনুমোদিত সংস্থা হতে বেকারী এন্ড পেষ্ট্রি-এ সার্টিফিকেট কোর্স থাকতে হবে (কমপক্ষে ০৬ মাস মেয়াদী)।<br>গ) যে কোন ফাইভ ষ্টার হোটেল, বিএফসিসি বা সমমানের ক্যাটারিং প্রতিষ্ঠানে বেকারী এন্ড পেষ্ট্রি এর উপর ন্যূনতম ০৬ (ছয়) সপ্তাহের ইন্ডাষ্ট্রিয়াল এ্যাটাচমেন্ট সম্পন্ন থাকতে হবে। |

শর্তাবলী ও আবেদনপত্র করার নিয়মাবলি:

০১। বিএফসিসি'র উৎপাদন শাখায় কিচেন হেলপার এবং বেকার হেলপার পদে শুধুমাত্র ০৬ মাসের জন্য ইন্টার্ন হিসেবে ভর্তি করা হবে।

০২। প্রত্যেক নির্বাচিত ইন্টার্নকে দৈনিক হাজিরা সাপেক্ষে ৬০০/- (ছয়শত) টাকা হারে সম্মানী প্রদান করা হবে। নির্ধারিত সম্মানী ব্যতীত অন্য কোন ভাতাদি প্রাপ্য হবেন না।

০৩। রোষ্টার মোতাবেক দৈনিক ০৮ ঘন্টা ডিউটি সম্পন্ন করতে হবে।

০৪। প্রত্যেক প্রার্থীকে কমপক্ষে এসএসসি পাস অথবা সমমান পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। ২২-০৯-২০২৫ খ্রি: তারিখে বয়স সর্বোচ্চ ৩২ বছর হতে হবে।

০৫। চূড়ান্তভাবে নির্বাচিত ইন্টার্নকে বিএফসিসি'তে ভর্তির সময় পুলিশ ক্লিয়ারেন্স রিপোর্ট বাধ্যতামূলকভাবে সংগে আনতে হবে।

০৬। প্রত্যেক নির্বাচিত ইন্টার্নকে ভর্তির পূর্বে বিমান মেডিকেল হতে শারীরিক ফিটনেস সংগ্রহ করতে হবে।

০৭। আবেদনকারীকে আবেদনপত্রসহ নির্ধারিত ফরম (০৩ কপি পাসপোর্ট সাইজ ও ০৩ কপি ষ্ট্যাম্প সাইজ ছবিসহ) পূরণ করে বিএফসিসি'তে জমা প্রদান করতে হবে।

০৮। শিক্ষাগত যোগ্যতার সনদপত্র ও ট্রান্সক্রিপ্টের ফটোকপি, সংশ্লিষ্ট ট্রেড কোর্সের সনদ অথবা মার্কশীট ও সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্রশংসা পত্র (Testimonial), ইন্ডাষ্ট্রিয়াল এ্যাটাচমেন্ট সনদ, নিজ জেলার সমর্থনে ইউনিয়ন পরিষদ/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশন/ওয়ার্ড কমিশনেরর প্রদত্ত সনদ, NID কার্ড/জন্ম সনদ, (মুক্তিযোদ্ধা সনদ মুক্তিযোদ্ধা পোষ্যদের ক্ষেত্রে) এর সত্যায়িত ফটোকপি দরখাস্তের সাথে জমা দিতে হবে।

০৯। দাখিলকৃত কাগজ-পত্র, ছবি ১ম শ্রেনীর গ্যাজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত হতে হবে।

১০। ইতোপূর্বে উৎপাদন শাখায় ইন্টার্ন হিসেবে ০২ (দুই) বার ভর্তিকৃত প্রার্থীগণের আবেদন করার প্রয়োজন নেই।

১১। অসম্পূর্ণ/ভুল তথ্য সংবলিত/ত্রুটিপূর্ণ এবং ইন্টার্ন ভর্তি বিজ্ঞপ্তিতে প্রকাশিত ন্যূনতম যোগ্যতা যেমন-বয়স, শিক্ষাগত যোগ্যতা, ট্রেড কোর্স, জেলা ও স্থায়ী ঠিকানা ইত্যাদি যে কোন বিষয়ে অসামঞ্জস্যপূর্ণ তথ্য দ্বারা পূরণকৃত আবেদন ভর্তির যে কোন পর্যায়ে বাতিল বলে গণ্য হবে।

১২। আগামী ২২-০৯-২০২৫ খ্রি. তারিখ বিকাল ১৭০০ ঘটিকার মধ্যে বিএফসিসি ও বিমান ওয়েবসাইট (www.bfcc-bd.com, www.biman.gov.bd এবং www.biman-airlines.com) এ নির্ধারিত ফরম সংগ্রহ পূর্বক তা' পূরন করে প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদনপত্র ব্যবস্থাপক প্রশাসন, বিমান ফ্লাইট ক্যাটারিং সেন্টার, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, কুর্মিটোলা, ঢাকা বরাবর নির্ধারিত বাক্সে জমা করতে হবে।

১৩। এ ভর্তি সংক্রান্ত কার্যক্রম যে কোন সময় কোন কারন দর্শানো ব্যতিরেকে বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষন করেন।

বিমান ফ্লাইট ক্যাটারিং সেন্টার এর পক্ষে-

০৭/০৯/২০২৫

ব্যবস্থাপক প্রশাসন, বিএফসিসি